



সব ধর্মের মানুষকে নিয়ে দেশ গড়তে চাই: প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

মুসলিম, হিন্দু, বৌদ্ধ ও খ্রিস্টান—সব ধর্মের মানুষকে সঙ্গে নিয়ে দেশ গড়ার প্রত্যয় ব্যক্ত করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, বাংলাদেশের স্বাধীনতায়ুদ্ধেও সব ধর্মের মানুষ একসঙ্গে লড়াই করেছেন।

মঙ্গলবার (২০ অক্টোবর) রংপুরের পাগলাপীরে এক পথসভায় এসব কথা বলেন তিনি।

প্রধানমন্ত্রী বলেন, সরকার খেটে খাওয়া মানুষের পাশে দাঁড়ানোর চেষ্টা করছে। সনাতন ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় উৎসবের দিনে সবার অঙ্গীকার হওয়া উচিত, সব ধর্মের মানুষ মিলেই বাংলাদেশ গড়ে তুলবেন। দেশকে এগিয়ে নিতে কঠোর পরিশ্রমের ওপরও গুরুত্ব দেন তিনি।

কর্মসূচি অনুযায়ী, দুপুরে রাজশাহীর ধর্মসভা মন্দিরের পূজামণ্ডপ পরিদর্শন করবেন প্রধানমন্ত্রী। বিকেলে হাজী মুহাম্মদ মুহসীন সরকারি উচ্চ বিদ্যালয় মাঠের জনসভায় যোগ দেওয়ার কথা রয়েছে তাঁর। এরপর বিমানযোগে চট্টগ্রামে গিয়ে সন্ধ্যায় জে এম সেন হলের রহমতগঞ্জ পূজামণ্ডপ পরিদর্শন করবেন। রাতে তাঁর ঢাকায় ফেরার কথা রয়েছে।